

তারিখ ১২ ৯ JAN ২০ ৩
পৃষ্ঠা ২০ কলাম ৪

ঢা.বি-র ফার্সি ও উর্দু বিষয়ে ভর্তি

কাইজা আহমেদ । ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার আকাঙ্ক্ষা থাকে অধিকাংশ শিক্ষার্থীর। কিন্তু আসন্ন শীতকাল থেকে স্বল্পসংখ্যক শিক্ষার্থী ভর্তি হতে পারবেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক, ব, গ, ঘ ইউনিটের মাধ্যমে শিক্ষার্থী ভর্তি করা হয়ে থাকে। ইতিমধ্যে ইউনিটগুলোতে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। তবে পত্র ও ঢাকা বিশ্ববিদ্যালয়ে কিছু কিছু বিভাগ/ইনস্টিটিউটের নিজস্ব পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থী ভর্তি হয়ে থাকে। উল্লেখ কর্তব্য এ প্রতিবেদনে বেশ কিছু বিভাগ/ইনস্টিটিউটের ভর্তির যোগ্য-বয়স দেয়া হচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০০২-২০০৩ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ বি, এ অনার্স কোর্সে ফার্সি ও উর্দু বিষয়ে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে।

যোগ্যতা : ২০০১ বা ২০০২ সালে উচ্চ মাধ্যমিক বা তার স-মতুল্য পরীক্ষায় কলা, বিজ্ঞান শাখায় উত্তীর্ণ হয়েছে অথবা মাদ্রিস বা আলীম পরীক্ষায় অবতঃ দ্বিতীয় বিভাগসহ কলা শাখায় মোট ১১৫০ নম্বর ও বিজ্ঞান শাখায় ১৩৫০ নম্বর পেয়েছে তারা ২০০২-২০০৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষে বিএ কোর্সে ফার্সি ও উর্দু বিষয়ে নিম্নোক্ত শর্ত পূরণ সাপেক্ষে ভর্তির অবেদন করতে পারবেন। □ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের উচ্চ

মাধ্যমিক পরীক্ষায় ফার্সি/ উর্দু/ আরবী/ ইসলামিক শিক্ষা বিষয়ে ন্যূনতম ৪৫% নম্বর থাকতে হবে। অথবা উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বাংলা অথবা ইংরেজিতে ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে।

জেনে রাখুন : ভর্তি পরীক্ষা হবে ১০০ নম্বরের ওপর। যান বটন : ফার্সি/ উর্দু-৩০ নম্বর, বাংলা ২০ নম্বর, ইংরেজিতে ২০ নম্বর, সাধারণ জ্ঞান ৩০ নম্বর। লিখিত পরীক্ষায় কমপক্ষে ৪০ নম্বর পেতে হবে। ফার্সি বিষয়ে অপেক্ষাকৃতীদের ফার্সি বিষয়ে ন্যূনতম ১০ নম্বর/ উর্দু বিষয়ে ন্যূনতম ১০ নম্বর, এছাড়া বাংলা ও ইংরেজী ন্যূনতম ৫ নম্বর করে পেতে হবে। □ ২০ জানুয়ারী থেকে ২২ ফেব্রুয়ারী পর্যন্ত সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত ফার্সি ও উর্দু বিভাগের সেমিনার রুমে (৩০২৪) গ্রন্থাগার সহকারী মোঃ শাহজালালের কাছ থেকে অবেদনপত্র পাওয়া যাবে। ভর্তি পরীক্ষা : ২৮ ফেব্রুয়ারী ২০০৩ সকাল ১০টা। ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ : ৬ মার্চ ২০০৩, যৌথিত পরীক্ষা : ১০ মার্চ ২০০৩। ফার্সি ও উর্দু বিষয়ে ভর্তি হু গ্রাহীদেরকে ২৫০ টাকা দিয়ে ভর্তির অবেদনপত্র সমন্বয় করতে হবে।